দৈনিক ইত্তেফাক

তারিখ 15 DEC 1989
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

033

## বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা প্রসঙ্গে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা বিগত বছরগুলিতে লিখিতভাবে অনুষ্ঠিত হইয়াছে। এই পদ্ধতিতে উত্তরপত্র দেখা ও ফলাফল নিরূপণ করা অনেক সময় পরিশ্রমসাপেক্ষ। বর্তমানে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে 'এম,সি,কিউ' বা 'মাল্টিপল চয়েজ কোশ্চেন' পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। যেমন, মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ কৃষি ভার্সিটি, চট্টগ্রাম মেরিন একাডেমী, কৃষি কলেজ ইত্যাদি শিক্ষা প্রতিষ্ঠানে। এই পদ্ধতিতে একদিকে ছাত্রদের মেধা সঠিকভাবে যাচাই করা সম্ভব হয়, অপরদিকে উত্তরপত্র দেখা ও ফলাফল নির্বাচনে সময় ও পরিশ্রম কম লাগে। তাই আগামী বছর হইতে অনার্স প্রথমবর্ষে ভর্তি পরীক্ষা 'এম,সি,কিউ' পদ্ধতিতে গ্রহণ করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ শাহ আলম; মেরাদিয়া মধ্যপাড়া, ঢাকা-১২১৯।